

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৩, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শব্দ]

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ আশ্বিন ১৪১১/১৩ অক্টোবর ২০০৪

এস,আর,ও নং ২৯৪-আইন/২০০৪/৪৩২-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১১ বাৎ মোতাবেক ১০ জুন, ২০০৪ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৭-আইন/২০০৪/৪১৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরিউক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৭২.০৯ এর বিপরীতে—

(ক) কলাম (২) এ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৭২০৯.১৭.০০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রি “১০” এর পরিবর্তে “শূন্য” প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) কলাম (২) এ সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৭২০৯.১৮.০০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রি “১০” এর পরিবর্তে “শূন্য” প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ১৭ আষাঢ়, ১৪১১ বাৎ মোতাবেক ১ জুলাই, ২০০৪ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ হাফিজুল কবির

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৬৭৬৫)

মূল্যঃ টাকা ১.০০